

নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

৩১. বनু 'আকস প্রতিনিধি দল (وفد بنی عَبْس)

রাসূলুল্লাহ (ছাঃ)-এর মৃত্যুর চার মাস পূর্বে ৯ সদস্যের এই প্রতিনিধি দলের আগমন ঘটে। এরা ছিল নাজরান এলাকার খ্রিষ্টান বাসিন্দা এবং তারা মুসলমান হয়েই মদীনায় আসে।

রাসূলুল্লাহ (ছাঃ)-কে তারা জিজ্ঞেস করল, হে আল্লাহর রাসূল! আমাদের বিদ্বানগণ (قُرَّا وُّنَا) আগেই এসেছিলেন। অতঃপর তারা আমাদের খবর দিয়েছেন যে, আপনি বলেছেন, ঠ إِسْلاَمَ لِمَنْ لاَ هِجْرَةَ لَهُ अवाश प्रेत प्रिय़ एकत्र ति एयं प्रेत विक्र ति करत करत करत हि एयं प्रतिवात-পরিজন সহ মদীনায় হিজরত করে আসি এবং আপনার সাহচর্যে জীবন কাটিয়ে দিই'। রাসূল (ছাঃ) বললেন, التَّقُوا اللهَ 'যেখানে তোমরা আছ্, সেখানে থেকেই আল্লাহকে ভয় কর। তোমাদের নেক আমলের ছওয়াবে কোনই কমতি হবে না'।[1]

শিক্ষণীয় : মুসলমান যেখানেই থাকে, সেখানেই আল্লাহর বিধান মেনে চলে। বিশেষ কোন স্থানে বসবাস করা আবশ্যিক নয়। অবশ্য দ্বীনের স্বার্থে হিজরত ক্রিয়ামত পর্যন্ত জারী থাকবে (বুখারী হা/২৭৮৩)।

ফুটনোট

[1]. রহমাতুল্লিল 'আলামীন ১/১৮১; শারহুল মাওয়াহেব ৫/২২৪; যাদুল মা'আদ ৩/৫৮৫। মানছূরপুরী এখানে বনু 'আকস (بنو عيش) –এর বদলে বনু 'আয়েশ (بنو عيش) লিখেছেন। সম্ভবতঃ এটি মুদ্রণ জনিত ভুল।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5701

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন